



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর  
জুডিসিয়াল মুন্সিখানা শাখা  
www.jamalpur.gov.bd



নম্বর ০৫.৪৫.৩৯০০.০১৫.০৬.০৪২.১৮.২৯৪

তারিখ ২২ কার্তিক ১৪৩০

০৭ নভেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

বিষয়: আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন সংক্রান্ত গণবিজ্ঞপ্তি-২০২৩

এতদ্বারা লাইসেন্সকৃত আগ্নেয়াস্ত্রধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামালপুর জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ ২০২৪ হতে ২০২৬ সালের জন্য উপজেলা ভিত্তিক পার্শ্ব বর্ণিত তারিখ ও সময়ে নবায়ন করা হবে। নবায়নের লক্ষ্যে নিম্নোল্লিখিত নির্দেশনাসমূহ জারি করা হলোঃ

১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০০৭৭.৩৯.০০১.১৫-৮২৬, তারিখ: ০৩/০৮/২০১৬ মূলে জারিকৃত সর্বশেষ নীতিমালা মোতাবেক লাইসেন্স নবায়ন ফি কোড নং-১-২২১১-০০০০-১৮৫৯ এ এবং নবায়ন ফি এর ১৫% হারে ভ্যাট কোড নং- ১-১১৩৩-০০৩৫-০৩১১ এ ড্রেজারী চালানোর মাধ্যমে সোনালী ব্যাংক লি. এর যে কোন শাখায় জমা দিয়ে চালানোর মূলকপিসহ লাইসেন্স ও আগ্নেয়াস্ত্র উপস্থাপন করতে হবে।

ক্র.নং:	তারিখ	উপজেলার নাম	নবায়ন স্থান
১	০৩-১২-২০২৩ হতে ০৭-১২-২০২৩	পৌরসভাসহ জামালপুর সদর	জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর জুডিসিয়াল মুন্সিখানা শাখা
২	১০-১২-২০২৩ হতে ১১-১২-২০২৩	সরিষাবাড়ী	
৩	১২-১২-২০২৩ হতে ১৩-১২-২০২৩	মেলান্দহ	
৪	১৪-১২-২০২৩	দেওয়ানগঞ্জ	
৫	১৭-১২-২০২৩	ইসলামপুর	
৬	১৮-১২-২০২৩	মাদারগঞ্জ	
৭	১৯-১২-২০২৩	বকশীগঞ্জ	
৮	২০-১২-২০২৩ হতে ৩১-১২-২০২৩	সকল উপজেলা	

২। আগ্নেয়াস্ত্র প্রদর্শনের সাথে সাথে ক্রয়কৃত গুলির হিসাব সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র সহকারে প্রদান করতে হবে। আত্মরক্ষার্থে গুলি ব্যবহার করলে সংশ্লিষ্ট থানার সাধারণ ডায়েরি (জিডি) এর কপি কিংবা অনুশীলনে গুলি ব্যবহার করলে বাংলাদেশ শূটিং ফেডারেশন বা অনুমোদিত শূটিং রেঞ্জ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আগ্নেয়াস্ত্র থানায়/ মালখানায় জমা থাকলে জমাদান সম্পর্কে প্রয়োজনীয় ডকুমেন্ট উপস্থাপন করতে হবে।

মোট ক্রয়কৃত গুলির সংখ্যাঃ	ক্রয়ের তারিখঃ
ব্যবহৃত গুলির সংখ্যাঃ	অব্যবহৃত মোট গুলির সংখ্যাঃ


ব্যবহৃত গুলির হিসাবঃ

ক্রমিক নম্বর	ব্যবহৃত গুলির সংখ্যা	ব্যবহারের তারিখ	ব্যবহারের উদ্দেশ্য	জিডি/প্রত্যয়নপত্র	মন্তব্য

--	--	--	--	--	--

৩। ইতোমধ্যে যে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেমে (DAMS) আগ্নেয়াস্ত্রের লাইসেন্সের ডাটা এন্ট্রির তথ্য প্রদান করেননি, তাদেরকে (ব্যক্তি ক্ষেত্রে লাইসেন্সধারীর স্বাক্ষর, অস্ত্রের লাইসেন্সের ফটোকপি, সর্বশেষ আয়কর প্রত্যয়নপত্র, এনআইডির ফটোকপি, পার্সপোট সাইজ ছবি ০২ (দুই) কপি এবং ব্যাংক/প্রতিষ্ঠানের ক্ষেত্রে রেজিস্ট্রেশন কপি, ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট, অস্ত্রের লাইসেন্সের ফটোকপি এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, এনআইডির ফটোকপি, পার্সপোট সাইজ ছবি ০২ (দুই) কপি) আগামী ৩১/১১/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিক ভিত্তিতে অত্র কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানা শাখায় তথ্য জমা/প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য ডিজিটাল আর্মস ম্যানেজমেন্ট সিস্টেম (DAMS) অনলাইনে ডাটা এন্ট্রি ব্যতীত কোন লাইসেন্স নবায়ন করা হবে না।

৪। নবায়ন ফি: বন্দুক/ শটগান/ রাইফেল- ৫,০০০/-টাকা (ব্যক্তি পর্যায়ে ও ব্যাংক পর্যায়ে) ও প্রতিষ্ঠান পর্যায়ে লং ব্যারেল-১০,০০০/- টাকা এবং ব্যক্তি পর্যায়ে পিস্তল/ রিভলবার-১০,০০০/- টাকা এবং নবায়ন ফি এর ১৫% ভ্যাট।



৭-১১-২০২৩

মোঃ শফিউর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট

ফোন: ০২-৯৯৭৭৭২১২৩

ফ্যাক্স: ০২৯৯ ৭৭৭ ২১২৩

ইমেইল:

[dcjamalpur@mopa.gov.bd](mailto:dcjamalpur@mopa.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
- ৩) পুলিশ সুপার, জামালপুর
- ৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর।
- ৬) উপজেলা নির্বাহী অফিসার .....(সকল), জামালপুর। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং তাঁর আওতাধীন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট পত্রটি পৌঁছানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭) জেলা তথ্য অফিসার, জামালপুর। তাঁকে বিজ্ঞপ্তি এলাকায় মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ প্রেস বিজ্ঞপ্তি আকারে স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮) অফিসার-ইন-চার্জ, .....(সকল), জামালপুর।
- ৯) কোয়াব, জামালপুর। গণবিজ্ঞপ্তি জরুরী ভিত্তিতে ইলেক্ট্রনিক মিডিয়া( স্থানীয় ডিস চ্যানেল) বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।